সমকাল

বরিশাল বিশ্ববিদ্যালয়ের এক বছর পূর্তি

● বাঁধন/প্রিন্স/তন্ত্রা

আধুনিক ব্যবসায় প্রশাসন, মানবিক ও সামাজিক বিজ্ঞান বিভাগে দক্ষ জনশক্তি গড়ার লক্ষ্য নিয়ে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের অবহেলিত কোটি মানুষের দক্ষ ও উচ্চ শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে ২০১১ সালের ২২ ফেব্রুয়ারি এই যাত্রা শুরু করে বরিশাল বিশ্ববিদ্যালয়। দেখতে দেখতে পার হয়েছে এই সবুজ ক্যাম্পাসের ১টি বছর। ক্যাম্পাসটি দেশের ২য় বৃহত্তম বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হয়ে এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয় নিয়ে আজ পদার্পণ করতে যাচ্ছে গৌরবময় সাফল্যের ১ বছরে। আজ সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস কর্পকাঠিতে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ হারুনুর রশীদ খান দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। বেলা সাড়ে ১১টায় অনুষ্ঠিত হবে শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান।

বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা হলো যেভাবে: ১৯৬০ সালে দক্ষিণাঞ্চলবাসীর প্রাণের দাবী হয়ে ওঠে বরিশালে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করার। ৩০ ডিসেম্বর ২০০৯ তারিখ একনেকে বরিশাল বিশ্ববিদ্যালয় অনুমোদন পায়। ১৮ ফেব্রুয়ারি ২০১০ প্রকল্প পরিচালক নিয়োগ, ৩ মার্চ প্রশাসনিক অনুমোদন পাওয়ার পর ১৬ জুন বরিশাল বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুমোদন পায়। গত ২৪ জানুয়ারি প্রথম ব্যাচে ৪শ' শিক্ষার্থী ভর্তি করে ৪ দশকের বরিশাল বিভাগের কোটি মানুষের স্বপ্ন পূরণ হয়।

ক্যাম্পাস পরিচিতি: বরিশাল বিভাগীয় শহর থেকে ১ কি. মি. দক্ষিণে দপদপিয়া সেতুর দক্ষিণ পার্শে কর্ণকাঠী নামক স্থানে বরিশাল-কুয়াকাটা, বরিশাল-ভোলা মহাসড়কের পাশে ৫০ একর জমির উপর প্রতিষ্ঠিত এই দৃষ্টিনন্দন বিশ্ববিদ্যালয়ের সুবিশাল মনোরম ক্যাম্পাস। ক্যাম্পাসের উত্তরাংশে কির্তনখোলা নদীর উপর অত্যাধুনিক দপদপিয়া সেতু শোভা পায়। দক্ষিণ পার্শে একটি মহাসড়ক ক্যাম্পাসের উপর দিয়ে বরিশাল-ভোলা মহাসড়কের সাথে সংযোগ স্থাপন করেছে।

বর্তমান অবস্থা: বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠা হওয়ার এক বছরে সাফল্যের সাথে এ বিশ্ববিদ্যালয় তার শিক্ষা কার্যক্রম চালিয়ে আসছে। বর্তমানে ৪টি অনুষদে ৪০০ ছাত্রছাত্রী, ১৫ জন শিক্ষক, ৮ জন কর্মকর্তা ও ২২ জন কর্মচারী রয়েছে। বিশ্ববিদ্যালয়ে খোলা হয়েছে কলা অনুষদের অধীনে ইংরেজী বিভাগ, বিজ্ঞান অনুষদের অধীনে গণিত বিভাগ, সামাজিক বিজ্ঞান অনুষদের অধিনে সমাজ বিজ্ঞান ও অর্থনীতি বিভাগ, ব্যবসায় প্রশাসন ও ব্যবস্থাপনা (বিবিএ) অনুষদের অধীনে ম্যানেজমেন্ট স্ট্যাডিজ ও মার্কেটিং বিভাগ।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শিক্ষার্থীদের ভাবনা: বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ছাত্রী বাঁধন সিফাত আরা ও তাসনিমুল জান্নাত হিমি বিশ্ববিদ্যালয়টির ভিত্তি প্রস্তর স্থাপনের ১ম বর্ষে পদার্পণে বলেন বরিশাল বিশ্ববিদ্যালয়কে অভিনন্দন। আমাদের মূল ক্যাম্পাসে পর্যাপ্ত ভবন দরকার, ডিজিটাল যুগের নতুন নতুন আরো অনেক সাবজেক্ট খোলা দরকার কেননা মনে রাখতে হবে পুরো বরিশাল বিভাগের কোটি কোটি মানুষের সন্তানদের উচ্চশিক্ষার জন্য এটি একমাত্র সর্বোচ্চ বিদ্যাপীঠ। ধূমপান, রাজনীতি ও দুর্নীতি প্রতিরোধে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মডেল হওয়া দরকার। কোটি মানুষের স্বপ্নের এই বিশ্ববিদ্যালয়ের আগামী হোক কন্টকমুক্ত, প্রস্ফুটিত, আজকের এই দিনে বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি। সমাজ বিজ্ঞান বিভাগের মাইনুল ইসলাম বলেন সুন্দর, স্নিগ্ধ একতার উচ্ছ্বাস, অফুরান তারুণ্যের শান্তির প্রয়াস, সাম্য, প্রীতির অনন্য আলোয় উজ্জীবিত থাকুক আমাদের প্রিয় বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।

ভাইস-চ্যান্সেলর বলেন

প্রথম বর্ষপূর্তি উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ হারুনর রশীদ খান বলেন, ছাত্র-শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিকবৃন্দ ও এলাকার জনগনের সহযোগিতায় এ বিশ্ববিদ্যালয়কে একটি আদর্শ ও উন্নতমানের বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠার জন্য আমি আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছি। সক্ষম সুদক্ষ গ্রাজুয়েট তৈরি করা- যারা বাংলাদেশের সর্বক্ষেত্রে নিজেদের আধিপত্য বিস্তার করে দেশকে সমৃদ্ধশালী করতে সহায়ক ভূমিকা পালন করবে। ছাত্রছাত্রী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারি সবার সহযোগিতায় এ বিশ্ববিদ্যালয় দেশের প্রধান বিশ্ববিদ্যালয় পরিনত হবে। সর্বোপরি দক্ষতা, কর্তব্য নিষ্ঠা ও সততায় দিক্ষিত হোক এই ক্যাম্পাসের সকল ডিজিটাল কার্যক্রম, ধাবিত হোক জাতীয় উন্নয়নের মহা সরনিতে এটাই আমার কামনা।

তারিখ ... 22 FEB 2012 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...